গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো
এফএ এন্ড এমআইএস
পরিসংখ্যান ভবন
ই-২৭/এ, আগারগাঁও, ঢাকা-১২০৭।

নং-৫২.০১.০০০০.১০৪.১১.২৭৫.১৫(অংশ-১)- ২৫৮২

তারিখঃ ৪ আশ্বিন,১৪২৪বঙ্গাব্দ
১৯ সেপ্টেম্বর,২০১৭ খ্রিঃ

নিয়োগ বিজ্ঞপ্তি

বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরোর রাজস্ব খাতভুক্ত ৩য় শ্রেণির নিম্নবর্ণিত শূণ্য পদসমূহের বিপরীতে সরাসরি নিয়োগের লক্ষ্যে বাংলাদেশী প্রকৃত নাগরিকদের নিকট হতে Online-এ নির্ধারিত ফর্মে দরখাস্ত আহবান করা যাচ্ছেঃ

ক্রঃ নং	পদের নাম, গ্রেড ও বেতন স্কেল (জাতীয় বেতন স্কেল ২০১৫ অনুযায়ী)	পদের সংখ্যা	প্রার্থীর শিক্ষাগত ও অন্যান্য যোগ্যতা	জেলা কোটার কারণে যে প্রার্থীগণ আবেদন করতে পারবেন
০১	থানা পরিসংখ্যানবিদ গ্রেড-১২ (টাঃ ১১৩০০-২৭৩০০/-)	২১	কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে পরিসংখ্যান বা অর্থনীতি বা গণিত বা ভূগোল বা সমাজ-বিজ্ঞান- এ ৫ (পাঁচ) টি বিষয়ের যে কোন একটি বিষয়সহ বিএ বা বিএসসি অথবা বিকম পাশ হতে হবে। তবে ঢাকা বিশ্ববিদ্যালয়ের আইএসআরটি হতে অথবা অন্য যে কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে পরিসংখ্যান বিষয়ে উচ্চতর ডিগ্রিধারীকে অগ্রাধিকার দেয়া হবে।	রাজবাড়ী, চাঁদপুর, লক্ষীপুর, দিনাজপুর, মাগুড়া, বাগেরহাট, ঝালকাঠি, পিরোজপুর জেলা **ব্যতিরেকে** অন্য সকল জেলার প্রার্থীগণ আবেদন করতে পারবেন।
০২	পরিসংখ্যান তদন্তকারী গ্রেড-১২ (টাঃ ১১৩০০-২৭৩০০/-)	৬৯	পরিসংখ্যান বিষয়ক কাজে কমপক্ষে ২ (দুই) বৎসরের অভিজ্ঞতাসহ কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে পরিসংখ্যান বা অর্থনীতি বা গণিত বা ভূগোল বা সমাজ-বিজ্ঞান- এ ৫ (পাঁচ) টি বিষয়ের যে কোন একটি বিষয়সহ বিএ বা বিএসসি অথবা বিকম পাশ হতে হবে। তবে ঢাকা বিশ্ববিদ্যালয়ের আইএসআরটি হতে অথবা অন্য যে কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে পরিসংখ্যান বিষয়ে ডিপ্লোমা সার্টিফিকেটধারীর জন্য অভিজ্ঞতা শিথিলযোগ্য।	
০৩	পরিসংখ্যান সহকারী গ্রেড-১৩ (টাঃ ১১০০০-২৬৫৯০/-)	১৩৮	কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে পরিসংখ্যান বা অর্থনীতি বা গণিত বা ভূগোল বা সমাজ-বিজ্ঞান- এ ৫ (পাঁচ) টি বিষয়ের যে কোন একটি বিষয়সহ বিএ বা বিএসসি অথবা বিকম পাশ হতে হবে। তবে ঢাকা বিশ্ববিদ্যালয়ের আইএসআরটি হতে অথবা অন্য যে কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে পরিসংখ্যান বিষয়ে উচ্চতর ডিগ্রিধারীকে অগ্রাধিকার দেয়া হবে।	
০৪	জুনিয়র পরিসংখ্যান সহকারী গ্রেড-১৩ (টাঃ ১১০০০-২৬৫৯০/-)	২৭১	জাতীয় শিক্ষাক্রমের আওতাভুক্ত কোন স্বীকৃত বোর্ড হতে পরিসংখ্যান বা অর্থনীতি বা গণিত-এ ৩ (তিন) টি বিষয়ের যে কোন একটি বিষয়সহ বিজ্ঞান বা মানবিক অথবা বাণিজ্য বা কৃষি বিভাগে এইচএসসি পাশ হতে হবে।	
০৫	ইনুমারেটর গ্রেড-১৩ (টাঃ ১১০০০-২৬৫৯০/-)	০৯	জাতীয় শিক্ষাক্রমের আওতাভুক্ত কোন স্বীকৃত বোর্ড হতে পরিসংখ্যান বা অর্থনীতি বা গণিত-এ ৩ (তিন) টি বিষয়ের যে কোন একটি বিষয়সহ বিজ্ঞান বা মানবিক অথবা বাণিজ্য বা কৃষি বিভাগে এইচএসসি পাশ হতে হবে।	
০৬	সাঁট-মুদ্রাক্ষরিক কাম কম্পিউটার অপারেটর গ্রেড-১৪ (১০২০০-২৪৬৮০/-)	০৮	জাতীয় শিক্ষাক্রমের আওতাভুক্ত কোন স্বীকৃত বোর্ড হতে উচ্চমাধ্যমিক বা সমমানের শিক্ষাগত যোগ্যতা অবশ্যই থাকতে হবে। প্রার্থীকে নির্ধারিত যোগ্যতা পরীক্ষায় অংশগ্রহণ করতে হবে। কম্পিউটার ব্যবহার সংক্রান্ত ওয়ার্ড প্রসেসিং, ডাটা এন্ট্রি ও টাইপিং-এ সর্ব নিম্নগতি ক) বাংলাঃ প্রতি মিনিটে সর্বনিম্ন ২৫ শব্দ।খ) ইংরেজীঃ প্রতি মিনিটে সর্বনিম্ন ৩০ শব্দ।	
০৭	টেকনিক্যাল অপারেটর গ্রেড-১৪ (১০২০০-২৪৬৮০/-)	০২	প্রিন্টিং মেশিনারীজ পরিচালনা এবং সংরক্ষণে কমপক্ষে ১ বৎসরের বাস্তব অভিজ্ঞতাসহ কোন অনুমোদিত বিশ্ববিদ্যালয় হতে স্নাতক ডিগ্রী/গ্রাফিক আর্টস ইনস্টিটিউট হতে ডিপ্লোমা পাশ হতে হবে। তবে বিজ্ঞান বিভাগের প্রার্থীদের অগ্রাধিকার দেয়া হবে।	
০৮	জুনিয়র অপারেটর গ্রেড-১৫ (৯৭০০-২৩৪৯০/-)	০৩	প্রিন্টিং মেশিনারীজ পরিচালনা এবং সংরক্ষণে কমপক্ষে ২ বৎসরের বাস্তব অভিজ্ঞতাসহ কোন স্বীকৃত বোর্ড হতে এইচএসসি পাস হতে হবে।	
০৯	কম্পিউটার মুদ্রাক্ষরিক গ্রেড-১৬ (৯৩০০-২২৪৯০/-)	১৩	জাতীয় শিক্ষাক্রমের আওতাভুক্ত কোন স্বীকৃত বোর্ড হতে এইচএসসি বা সমমানের শিক্ষাগত যোগ্যতা অবশ্যই থাকতে হবে। প্রার্থীকে নির্ধারিত যোগ্যতা পরীক্ষায় অংশগ্রহণ করতে হবে। কম্পিউটার ব্যবহার সংক্রান্ত ওয়ার্ড প্রসেসিং, ডাটা এন্ট্রি ও টাইপিং-এ সর্বনিম্নগতি ক) বাংলাঃ প্রতি মিনিটে সর্বনিম্ন ২০ শব্দ। খ) ইংরেজীঃ প্রতি মিনিটে সর্বনিম্ন ২০ শব্দ।	
১০	ডাটা এন্ট্রি/কন্ট্রোল অপারেটর গ্রেড-১৬ (৯৩০০-২২৪৯০/-)	৫৮	জাতীয় শিক্ষাক্রমের আওতাভুক্ত কোন স্বীকৃত বোর্ড হতে এইচএসসি পাস হতে হবে। বিজ্ঞান বিভাগের প্রার্থীদের অগ্রাধিকার দেয়া হবে। প্রার্থীদের ডাটা এন্ট্রি অপারেটিংয়ে অবশ্যই প্রমিত বুদ্ধিমত্তা পরীক্ষায় (Standard aptitude test)উত্তীর্ণ হতে হবে।	
১১	বুকবাইন্ডার গ্রেড-১৬ (৯৩০০-২২৪৯০/-)	০১	জাতীয় শিক্ষা কার্যক্রমের আওতাভুক্ত কোন স্বীকৃত বোর্ড হতে এইচএসসি পাশ হতে হবে।সকল ধরণের প্রকাশনা এবং বাঁধাই ও পূনঃবাঁধাই এর কাজ যেমন লিম্প, কোয়ার্টার, ফ্লাশ বা টার্ন ইন-হাফ, থ্রি কোয়ার্টার কেইস এন্ড ফুল বাইন্ডিং কাজে কমপক্ষে ২ বৎসরের অভিজ্ঞতা থাকতে হবে।	

শর্তাবলীঃ

১। বিবিএস এর ৩য় শ্রেণির রাজস্ব বাজেটে কর্মচারি নিয়োগ পরীক্ষা ২০১৭-এর বিজ্ঞপ্তি, Online-এ আবেদনপত্র পূরণের নিয়মাবলী, SMS-এর মাধ্যমে পরীক্ষার ফি প্রদানের নিয়মাবলী ও অন্যান্য প্রয়োজনীয় তথ্যাদি ওয়েবসাইট http://bbs.teletalk.com.bd এ পাওয়া যাবে।

২। পরীক্ষায় অংশগ্রহণে ইচ্ছুক ব্যক্তি http://bbs.teletalk.com.bd এই ওয়েবসাইটে জনপ্রশাসন মন্ত্রণালয় কর্তৃক নির্ধারিত ছকে আবেদনপত্র পূরণ করতে পারবেন। আবেদনের সময়সীমা নিম্নরূপ:

i Online-এ আবেদনপত্র পূরণ ও পরীক্ষার ফি জমাদান শুরুর তারিখ: ২৮/০৯/২০১৭ খ্রি.।

ii Online-এ আবেদনপত্র ও পরীক্ষার ফি জমাদানের শেষ তারিখ: ১৯/১০/২০১৭ খ্রি.।

উক্ত সময়সীমার মধ্যে User ID প্রাপ্ত প্রার্থীগণ Online-এ আবেদনপত্র Submit-এর সময় থেকে পরবর্তী ৭২ (বাহাত্তর) ঘন্টার মধ্যে এসএমএস এ পরীক্ষার ফি জমা দিতে পারবেন।

৩। বিজ্ঞাপিত পদসমূহের মধ্যে একজন আবেদনকারী সমগ্রেডের ১ (এক) ক্যাটাগরির বেশী পদে আবেদন করতে পারবেন না।

৪। ১৯/১০/২০১৭ তারিখে প্রার্থীর বয়সসীমা ১৮-৩০ বছর হতে হবে। কেবলমাত্র মুক্তিযোদ্ধা ও শহীদ মুক্তিযোদ্ধার সন্তান এবং শারীরিক প্রতিবন্ধীদের ক্ষেত্রে বয়সসীমা ১৮-৩২ বছর। তবে মুক্তিযোদ্ধা ও শহীদ মুক্তিযোদ্ধার পুত্র-কন্যার পুত্র-কন্যাদের ক্ষেত্রে বয়সসীমা ১৮-৩০ বছর।

৫। বিভাগীয় প্রার্থীদেরকে যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে নির্ধারিত সময়ের মধ্যে Online-এ আবেদন করতে হবে। তবে তাদের মৌখিক পরীক্ষার সময় প্রত্যয়নপত্রের মূল কপি প্রদর্শন করতে হবে। ক্রঃ নং (১,২,৩,৪,৫,৭,৮,১১) পদের ক্ষেত্রে বিভাগীয় প্রার্থীদের বয়সসীমা শিথিলযোগ্য হবে।

৬। নিয়োগের ক্ষেত্রে সরকারের বিদ্যমান বিধি এবং পরিবর্তিত ক্ষেত্রে প্রযোজ্য বিধি ও কোটা অনুসরণ করা হবে।

৭। লিখিত ও মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না।

৮। কর্তৃপক্ষ পদ সৃজন, পদোন্নতি, অবসর, মৃত্যু প্রভৃতি কারণে পদের সংখ্যা হ্রাস/বৃদ্ধি/বাতিল করার অধিকার সংরক্ষণ করেন।

৯। উপজাতি, আনসার ও গ্রাম প্রতিরক্ষা সদস্য/এতিমখানা নিবাসী ও শারীরিক প্রতিবন্ধী প্রার্থীদের ক্ষেত্রে উপযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত সনদের মূলকপি মৌখিক পরীক্ষার সময় প্রদর্শন করতে হবে।

১০। মৌখিক পরীক্ষার সময় সকল সনদের মূল এবং সত্যায়িত এক কপি সংগে আনতে হবে।

১১। আবেদনপত্র পূরণ সংক্রান্ত শর্তাবলিঃ

ক. Online আবেদনপত্রে প্রার্থী তাঁর স্বাক্ষর (দৈর্ঘ্য ৩০০ x প্রস্থ ৮০ pixel) ও রঙ্গিন ছবি (দৈর্ঘ্য ৩০০ x প্রস্থ ৩০০ pixel) স্ক্যান করে নির্ধারিত স্থানে Upload করবেন।

খ. Online আবেদনপত্রে পূরণকৃত তথ্যই যেহেতু পরবর্তী সকল কার্যক্রমে ব্যবহৃত হবে, সেহেতু Online-এ আবেদনপত্র Submit করার পূর্বেই পূরণকৃত সকল তথ্যের সঠিকতা সম্পর্কে প্রার্থী নিজে শতভাগ নিশ্চিত হবেন।

গ. প্রার্থী Online-এ পূরণকৃত আবেদনপত্রের একটি প্রিন্টকপি পরীক্ষা সংক্রান্ত যে কোন প্রয়োজনের সহায়ক হিসেবে সংরক্ষণ করবেন।

ঘ. SMS প্রেরণের নিয়মাবলী ও পরীক্ষার ফি প্রদান: Online-এ আবেদনপত্র (Application Form) যথাযথভাবে পূরণ করে নির্দেশনা মতে ছবি এবং Signature upload করে আবেদনপত্র Submit করা সম্পন্ন হলে কম্পিউটারে ছবিসহ Application Preview দেখা যাবে। নির্ভুলভাবে আবেদনপত্র Submit করা সম্পন্ন প্রার্থী একটি User ID, ছবি এবং স্বাক্ষরযুক্ত একটি Applicant's copy পাবেন। উক্ত Applicant's copy প্রার্থী প্রিন্ট অথবা download করে সংরক্ষণ করবেন। Applicant's কপিতে একটি User ID নম্বর দেয়া থাকবে এবং User ID নম্বর ব্যবহার করে প্রার্থী নিম্নোক্ত পদ্ধতিতে যে কোন Teletalk pre-paid mobile নম্বরের মাধ্যমে ০২ (দুই)টি SMS করে পরীক্ষার ফি বাবদ প্রত্যেক পদের জন্য জনপ্রতি ১১২.০০ (একশত বার) টাকা অনধিক ৭২ (বাহাত্তর) ঘন্টার মধ্যে জমা দিবেন। এখানে বিশেষভাবে উল্লেখ্য যে, 'Online-এ আবেদনপত্রের সকল অংশ পূরণ করে Submit করা হলেও পরীক্ষার ফি জমা না দেয়া পর্যন্ত Online আবেদনপত্র কোন অবস্থাতেই গৃহীত হবে না।'

প্রথম SMS:BBS<space>User ID লিখে Send করতে হবে 16222 নম্বরে

দ্বিতীয় SMS:BBS<space>Yes<space>PIN লিখে Send করতে হবে 16222 নম্বরে

ঙ. প্রবেশপত্র প্রাপ্তির বিষয়টি**http://bbs.teletalk.com/bd**ওয়েবসাইটে এবং প্রার্থীর মোবাইল ফোনে SMS- এর মাধ্যমে (শুধু যোগ্য প্রার্থীদের) যথাসময়ে জানানো হবে। Onlineআবেদনপত্রে প্রার্থীর প্রদত্ত মোবাইল ফোনে পরীক্ষা সংক্রান্ত যাবতীয় যোগাযোগ সম্পন্ন করা হবে বিধায় উক্ত নম্বরটি সার্বক্ষণিক সচল রাখা, SMS পড়া এবং প্রাপ্ত নির্দেশনা তাৎক্ষণিকভাবে অনুসরণ করা বাঞ্চনীয়।

চ. SMS-এ প্রেরিত User ID এবং Password ব্যবহার করে পরবর্তীতে রোল নম্বর, পদের নাম, ছবি, পরীক্ষার তারিখ, সময় ও পরীক্ষার কেন্দ্রের স্থান ইত্যাদি তথ্য সম্বলিত প্রবেশপত্র প্রার্থী Download পূর্বক রংঙ্গিন Print করে নিবেন। প্রার্থী এই প্রবেশপত্রটি লিখিত পরীক্ষায় অংশগ্রহণের সময়ে এবং উত্তীর্ণ হলে মৌখিক পরীক্ষার সময়ে অবশ্যই প্রদর্শন করবেন।

ছ. শুধুমাত্র টেলিটক প্রি-পেইড মোবাইল ফোন থেকে প্রার্থীগণ নিম্নবর্ণিত SMS পদ্ধতি অনুসরণ করে নিজ নিজ User ID, Serial এবং PIN পুনরুদ্ধার করতে পারবেন।

i. User ID জানা থাকলে BBS<space>Help<space>User<space>User ID & Send to 16222.
Example:BBS Help User ABCDEF & send to 16222

ii PIN Number জানা থাকলে BBS<space>Help<space>PIN<space>PIN No & send to 16222
Example: BBS Help PIN 12345678 & send to 16222.

১২. **প্রার্থীর যোগ্যতা যাচাই:**

ক. প্রার্থী কর্তৃক প্রদত্ত কোন তথ্য বা দাখিলকৃত কাগজপত্র জাল, মিথ্যা বা ভূয়া প্রমাণিত হলে কিংবা পরীক্ষায় নকল বা অসদুপায় অবলম্বন করলে প্রার্থীতা বাতিল করা হবে এবং তাঁর বিরুদ্ধে যথাযথ আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে। মৌখিক পরীক্ষার সময় সকল প্রকার সনদের মূল কপি প্রদর্শন করতে হবে। কোন তথ্য অসত্য প্রমাণিত হলে পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীর প্রার্থীতা বাতিল বলে গণ্য হবে এবং প্রার্থীকে আইনানুগ শাস্তি ভোগ করতে হবে।

খ. যদি কোন প্রার্থী বাংলাদেশের নাগরিক না হন কিংবা বাংলাদেশের নাগরিক নন এমন কোন ব্যক্তিকে বিয়ে করেন বা করার জন্য প্রতিশ্রুতিবদ্ধ হন কিংবা কোন ফৌজদারি আদালত কর্তৃক নৈতিক স্খলনজনিত অভিযোগে দন্ডিত হন কিংবা কোন সরকারি বা স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠান বা স্থানীয় কর্তৃপক্ষ কর্তৃক চাকুরি হতে বরখাস্ত হয়ে থাকেন এবং উক্তরুপ বরখাস্তের পর দুই বছর অতিক্রান্ত না হলে তিনি আবেদন করার জন্য যোগ্য বিবেচিত হবেন না।

১৩. **পরীক্ষার তারিখ, সময় ও কেন্দ্র:** পরীক্ষার তারিখ, সময় ও কেন্দ্র পরবর্তীতে SMS এর মাধ্যমে জানানো হবে।

১৪. পরীক্ষা সংক্রান্ত যাবতীয় তথ্য www.bbs.gov.bd. এ পাওয়া যাবে।

১৫. নিয়োগ সংক্রান্ত যে কোন বিষয়ে নিয়োগকারী কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

২৬/৯/১৭

(মোহাম্মদ আবদুল কাদির মিয়া)
পরিচালক (প্রশাসন)
☎ ৮১৮১৪২১